দৈনিক বাংলা

তারিখ 11 AUG 1992
পৃষ্ঠা ৩ কলাম ৭

৪

122

# দু'হাজার সালের মধ্যে দেশ নিরক্ষরতা মুক্ত হবে ঃ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দি সরকার রোববার জাতীয় সংসদে বলেন যে, দু'হাজার সালের মধ্যে সরকার দেশকে নিরক্ষরতার অভিশাপ মুক্ত করতে সক্ষম হবেন।

শিক্ষামন্ত্রী সংসদে আজিজুর রহমানের (মৌলভীবাজার-৩) এক জরুরী জন গুরুত্বসম্পন্ন বিষয়ে দৃষ্টি আকর্ষণীর জবাবদানকালে একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকারের শিক্ষানীতি অত্যন্ত পরিষ্কার। দু'হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা এই লক্ষ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রম শুরু করা হয়েছে। পল্লী এলাকায় প্রতি দু'বর্গমাইলের মধ্যে একটি করে প্রাইমারী স্কুলের ব্যবস্থা করা হবে। প্রয়োজনে আরো নতুন প্রাইমারী স্কুল স্থাপন করা হবে। চলতি পাঁচসালা পরিকল্পনাকালে সারাদেশে চার হাজার নতুন স্কুল স্থাপন করা হবে। এছাড়া দেশে একটি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। এতে উচ্চশিক্ষায় আগ্রহী কর্মজীবি শ্রমজীবি মানুষ নিজ কর্মস্থলে থেকে উচ্চশিক্ষা লাভের সুযোগ পাবে এবং এর ফলে বিশ্ববিদ্যা-লয়গুলিতে সেশনজট হ্রাস হবে।

উল্লেখ্য, রোববার সংসদে এটা নিয়ে মোট তিনটি জরুরী জনগুরুত্বসম্পন্ন বিষয়ের নিষ্পত্তি হয়।

অন্য ২টি দৃষ্টি আকর্ষণী নোটিশের বিষয় ছিল লতিফুর রহমানের (নবাবগঞ্জ-৩) নবাবগঞ্জ সদর আধুনিক হাসপাতালকে ১০০ শয্যায় উন্নীত করা এবং ধীরেন্দ্র দেবনাথ শম্ভুর (বরগুনা-১) বিশেষ বিবেচনায় ৯২-৯৩ অর্থ বছরে বরগুনা-বেতাগী-বাকেরগঞ্জ সড়কটিকে আঞ্চলিক মহাসড়কে উন্নীত করার দাবী।

লতিফুর রহমানের দৃষ্টি আকর্ষণীর জবাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপমন্ত্রী সিরাজুল হক বলেন যে, আগামী ১৯৯৪ সালের মধ্যে ১৮টি জেলা হাসপাতাল উন্নয়নের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এর মধ্যে নবাবগঞ্জ জেলা সদর হাসপাতালও পরিকল্পনাভুক্ত রয়েছে।

ধীরেন্দ্র দেবনাথ শম্ভুর দৃষ্টি আকর্ষণীর জবাবে যোগাযোগ মন্ত্রী কর্নেল (অবঃ) অলি আহমদ বলেন যে, প্রয়োজনীয় অর্থের সংস্থান হলে বরগুনা-বেতাগী-বাকেরগঞ্জ সড়ককে আঞ্চলিক মহাসড়ক হিসাবে উন্নীত করা হবে। বর্তমান পটুয়াখালী বরগুনার মধ্যে একটি আঞ্চলিক মহাসড়ক নির্মাণের কাজ চলছে। এক সঙ্গে একই এলাকায় দুটি আঞ্চলিক মহাসড়ক নির্মাণ করার মত পর্যাপ্ত অর্থ নেই। তবে বরগুনা-বেতাগী বাখেরগঞ্জ সড়কটিকে একটি সংযোগ সড়ক হিসাবে উন্নয়নের কাজ চলছে।

## যমুনা সেতু বিল আলোচনা শুরু

রোববার সংসদে যমুনা বহুমুখী সেতু (সার চার্জ ও লেভী) (সংশোধন) বিল, ১৯৯২-এর উপর আলোচনা শুরু হয়েছে।

এ বিলের উপর ৩ জন বিরোধী দলীয় সদস্য আলোচনায় অংশ নেনঃ এরা হলেন, রহমত আলী, ধীরেন্দ্র দেবনাথ শম্ভু ও উপাধ্যক্ষ আবদুস শহীদ। সংসদ আজ বিকাল ৪টায় বসবে।